



**DEPUTY HIGH COMMISSION FOR
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CHENNAI, INDIA**

প্রেস বিজ্ঞপ্তি

**চেন্নাইস্ট বাংলাদেশ উপ হাই কমিশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮ তম শাহাদাং
বার্ষিকী ও “জাতীয় শোক দিবস” পালন**

চেন্নাই, ১৮ আগস্ট ২০২৩: বাংলাদেশ উপ হাই কমিশন, চেন্নাই-কর্তৃক গভীর শুদ্ধি ও যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ
বাঙালি, বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি ও বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮ তম শাহাদাং
বার্ষিকী ও “জাতীয় শোক দিবস” পালন করা হয়। উপ হাই কমিশন প্রাঙ্গণে জনাব শেলী সালেহীন, উপ হাই কমিশনার, জাতীয়
পতাকা অর্ধনমিত করেন। জনাব সালেহীন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের
মাধ্যমে বঙ্গবন্ধু এবং তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শুদ্ধি প্রদর্শন করেন।

এরপর, জাতীয় জীবনে “জাতীয় শোক দিবস”-এর গুরুত ও তাঁৎপর্যের বিষয়ে আলোকপাত করে একটি আলোচনা অনুষ্ঠানের
আয়োজন করা হয়। বঙ্গবন্ধু এবং তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শুদ্ধি প্রদর্শন করে অনুষ্ঠানের শুরুতে এক
মিনিট নীরবতা পালন করা হয়। পরবর্তীতে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাং বার্ষিকী ও “জাতীয়
শোক দিবস” উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত
বাণী পাঠ করা হয়। এরপর, বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নির্মিত ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। উপ হাই কমিশনার
তাঁর বক্তব্যে বঙ্গবন্ধুকে বিশ্বের সকল শোষিত, নিপীড়িত ও বাস্তিগত মানুষের অধিকার আদায় ও মুক্তির অগ্রন্যায়ক উল্লেখ করে
বাংলাদেশের স্বাধীনতার জন্য জাতির পিতার অদম্য নেতৃত্ব ও ব্যাক্তিগত ত্যাগের কথা গভীর শুদ্ধির সাথে স্মরণ করেন। তিনি
সকলকে বঙ্গবন্ধুর স্বপ্নের ‘সোনার বাংলা’ গড়ার জন্য কাজ করতে উদ্বান্ত আহবান জানান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দের বিদেহী আআর মাগফেরাত কামনায়
‘Anjuman-E-Himayath-E-Islam’ নামক স্থানীয় একটি মসজিদে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।

বাংলাদেশ উপ হাই কমিশন, চেন্নাই ১৮ আগস্ট ২০২৩ তারিখে ‘Dr. MGR Janaki College of Arts & Science
for Women’- এর সঙ্গে যৌথভাবে কলেজ প্রাঙ্গণে ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশ’ শীর্ষক একটি চিত্রাংকন প্রতিযোগিতা ও একটি
আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যবৃন্দের স্মৃতির প্রতি শুদ্ধি প্রদর্শনার্থে এক
মিনিট নীরবতা পালনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। পরবর্তীতে, কলেজের অধ্যক্ষ Dr. R. Manimegalai তাঁর বক্তব্যে ১৫
আগস্টের সকল শহীদদের শুদ্ধি প্রদর্শনের পাশাপাশি বিশ্বের শোষিত ও নিপীড়িত মানুষ বিশেষ করে বাঙালি জাতির প্রতি
বঙ্গবন্ধুর অবদানের উপর বিশেষভাবে আলোকপাত করেন। এরপর, বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নির্মিত ভিডিও ডকুমেন্টারি
প্রদর্শন করা হয়। জনাব শেলী সালেহীন, তাঁর বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতার জন্য জাতির পিতার অদম্য নেতৃত্ব ও ব্যাক্তিগত
ত্যাগের কথা গভীর শুদ্ধির সাথে স্মরণ করেন। তিনি বঙ্গবন্ধুর স্বপ্নের ‘সোনার বাংলা’ গড়ার জন্য তাঁরই সুযোগ্য কন্যা মাননীয়
প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বিভিন্ন অর্থনৈতিক ও সামাজিক সূচকে বাংলাদেশের অভূতপূর্ব উন্নতির চিত্র তুলে ধরেন।

চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ এবং অনুষ্ঠানে উপস্থিত সকলকে
আপ্যায়নের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি করা হয়।



[Signature]